যুগান্তর

তারিখ 15 MAR 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৬

# দেবিদ্বারে কৃতী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার প্রদান

কুমিল্লা উত্তর ও দেবিদ্বার প্রতিনিধি

উপজেলা সদরের ছোট আলমপুরে স্বনামধন্য আধুনিক শিক্ষা প্রতিষ্ঠান ইউনিক ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজে প্রচলিত শিক্ষার মান উন্নয়নে সচেতনতামূলক আলোচনা সভা ও কৃতী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার প্রদান করা হয়েছে। স্কুলের পরিচালনা পরিষদের সভাপতি আজিজুর রহমান অনুষ্ঠানের সভাপতিত্ব করেন। প্রধান শিক্ষক প্রফেসর আবু তাহেরের সঞ্চালনায় ৪ দিনব্যাপী বর্ণাঢ্য নানা আয়োজনের মধ্য দিয়ে শনিবার দুপুরে প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে সমাপনী বক্তব্য ও পুরস্কার বিতরণ করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবু তালেব, হাজী মোর্শেদ আলম মোল্লা, ঠিকাদার মো. ইব্রাহিম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন পরিচালনা পর্ষদের সদস্য মাহমুদুল হাছান, জাহাঙ্গীর আলম জুয়েল, মোকবল হোসেন প্রমুখ।